# দেশকে বদলাতে দরকার নতুন রাজনৈতিক সমঝোতা: সাকী



সংগৃহীত ছবি

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকী বলেছেন, দেশের কাঙ্ক্ষিত পরিবর্তন আনতে হলে নতুন রাজনৈতিক বন্দোবস্ত তৈরি করা জরুরি। এমন একটি কাঠামো প্রয়োজন যা সবার সমান অধিকার, মর্যাদা ও অংশগ্রহণ নিশ্চিত করবে।

আজ শুক্রবার (১৪ নভেম্বর) বিকেলে শাহবাগে গণসংহতি আন্দোলনের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

সাকী বলেন, সংবিধান সংশোধনে গণভোটের উদ্যোগ ও জুলাই সনদ বাস্তবায়নে নির্দেশ জারি করার জন্য তিনি অন্তর্বর্তী সরকারকে ধন্যবাদ জানান। আগামী ফেব্রুয়ারির জাতীয় নির্বাচন ঘিরে যেকোনো ধরনের ষড়যন্ত্র প্রতিহত করতে জনগণকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, যে কোনো পরিস্থিতিতে ঐক্যবদ্ধ থাকা জরুরি। কেউ যেন রাজনৈতিক ঐক্যের ভেতরে বিভাজন সৃষ্টি করতে না পারে— সেজন্য সবাইকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

LENS ASIA